
প্রথম আলো

24 APR 2003

# প্রাথমিক শিক্ষক সংকট

## বদলি ও পোস্টিংয়ে রাজনৈতিক চাপ বন্ধ করুন



বরগুনার আমতলী উপজেলার প্রাথমিক স্কুলগুলোতে চাহিদার তুলনায় বেশি শিক্ষক কাজ করলেও প্রত্যন্ত গ্রাম এলাকায় শিক্ষক সংকট লেগেই থাকে। এটা তৃণমূল পর্যায়ে শিক্ষা বিস্তারের পথে অন্তরায় হয়ে দাঁড়িয়েছে। শিক্ষকদের বদলি ও পোস্টিংয়ের মধ্যে সমন্বয় এনে এ সমস্যা দূর করা প্রয়োজন।

প্রত্যন্ত অঞ্চলের মানুষ বরাবরই নানাভাবে শিক্ষার অধিকার থেকে বঞ্চিত হয়ে আসছে। শিক্ষক, শিক্ষা প্রতিষ্ঠান ও শিক্ষা উপকরণের সুযোগ-সুবিধা সেখানে কম। এ পরিপ্রেক্ষিতে দেশের প্রত্যন্ত গ্রামগুলোতে শিক্ষা প্রসারের ব্যাপারে আরো বেশি গুরুত্ব দেওয়া প্রয়োজন। আমরা জানি সরকারের শিক্ষা কার্যক্রমের লক্ষ্য শিক্ষার প্রসার। কিন্তু কার্যক্ষেত্রে তা নানাভাবে ব্যাহত হয়। এর অন্যতম কারণ গ্রামের স্কুলগুলোতে যেতে শিক্ষকদের অনীহা।

বরগুনার আমতলী উপজেলার ক্ষেত্রে দেখা যায় শিক্ষকদের বদলি ও পোস্টিংয়ের জন্য একটি সমন্বয় কমিটি থাকলেও রাজনৈতিক চাপে এ কমিটি অকার্যকর হয়ে পড়েছে। ফলে শিক্ষকরা উপজেলা শহর এবং তালতলী থানার কাছাকাছি এলাকার প্রাথমিক স্কুলগুলোতে ভিড় করছেন। উপেক্ষিত হচ্ছে প্রত্যন্ত এলাকা। সৃষ্টি হচ্ছে শিক্ষক সংকট। ব্যাহত হচ্ছে প্রাথমিক শিক্ষা কার্যক্রম।

এ অবস্থার অবসান ঘটাতে হবে। শিক্ষকদের বদলি ও পোস্টিংয়ের জন্য যে কমিটি রয়েছে তার ওপর সব ধরনের রাজনৈতিক চাপ বন্ধ করা হোক। এ কমিটিকে স্বাধীনভাবে কাজ করতে দিতে হবে। এর পাশাপাশি প্রত্যন্ত অঞ্চলের স্কুলগুলোর অন্যান্য সুযোগ-সুবিধাও বাড়ানো হোক। উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসারকে এসব ব্যাপারে যথাযথ দৃষ্টি দিতে হবে।